



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd); হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৯৫

তারিখঃ ০৭ অক্টোবর ২০২৩

### সংবাদ বিজ্ঞপ্তিঃ

### সার্বিক বিষয় বিবেচনা করে গার্মেন্টস শ্রমিকদের মজুরি নির্ধারণ করা প্রয়োজন- জাতীয় মানবাধিকার কমিশন চেয়ারম্যান

গণমাধ্যমে প্রকাশিত মজুরি বৃদ্ধির দাবিতে সম্প্রতি শ্রমিক আন্দোলনের ফলে গাজীপুর আশুলিয়া ও মিরপুরে সাড়ে চারশ' পোশাক কারখানা বন্ধ ঘোষণা করার ঘটনার প্রতি কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়। প্রকাশিত সংবাদে বলা হয়, এর ফলে ৪০ লাখ শ্রমিক বেকার হয়ে যেতে পারে, যা অত্যন্ত আশঙ্কাজনক। এর ফলে মালিকপক্ষ যেমন ক্ষতিগ্রস্ত হবে তেমনি অন্যদিকে একটি বিশাল জনগোষ্ঠী তাদের দৈনন্দিন জীবন যাপনের ক্ষেত্রে তীব্র সংকটের সম্মুখীন হতে পারে।

কমিশন চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ মনে করেন, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, জীবন যাপনের ব্যয় বৃদ্ধি এবং মালিকদের সামর্থ্য ইত্যাদি সার্বিক বিষয় বিবেচনা করে গার্মেন্টস শ্রমিকদের মজুরি নির্ধারণ করা প্রয়োজন। একথা স্মরণে রাখা উচিত এই খাত দেশের অর্থনীতির জন্য যেমন গুরুত্বপূর্ণ ঠিক তেমন আমাদের মালিক ও শ্রমিক সবার জন্য সমান গুরুত্বপূর্ণ। এই খাতকে সব ধরনের বিতর্কের উর্ধ্বে রেখে সম্মিলিতভাবে চলমান সংকট মোকাবিলা করার আহ্বান জানান তিনি।

ধন্যবাদান্তে/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন